গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

# সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন,২০২৩) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড.মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ১৮/০৬/২০২৩ খ্রি.। |
| সভার সময় | বিকাল ১৪.৩০ ঘটিকা। |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”-তে সংযুক্ত করা হলো। |

সভাপতি উপস্থিত সকলকে (পরিশিষ্ট ‘ক’; ছবি) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি গত সভার কার্য বিবরণী সভায় উপস্থাপন করেন, এতে কারো কোনো মতামত না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভা করা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দপ্তরে আগত নানা ধরণের সুফলভোগী ও অন্যান্য অংশীজনদের (stakeholders) অংশগ্রহণে সভা করে তাদের প্রতিভাব যাচাই করা খুবই গুরুত্বপূর্ণ। এতে করে সেবা প্রদানের অন্তরায় দূর হয়, সেবার মানোন্নয়ন ঘটে, অংশীজনদের সাথে সুসম্পর্ক তৈরি হয়। কাজেই সব দপ্তরে এপিএ লক্ষ্যমাত্রা মোতাবেক নিয়মিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করার বিষয়টি আলোচনা করা হয়। অংশগ্রহণকারী কর্মকর্তাগণ জানান, শীগ্রই এ ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা সম্পন্ন করা হবে। ভবিষ্যতেও এপিএ চুক্তির নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করার বিষয় আলোচনা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও সেবা সহজীকরণ | প্রতি ত্রৈমাসিকে নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদকরণ, দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য টাঙিয়ে রাখা এবং ওয়েবপোর্টালেও হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রকাশ করার বিষয় গুরুত্বের সাথে আলোচনা হয়। নিরপেক্ষতার সাথে দ্রুত সেবা প্রদান, সহজে সেবা প্রদান এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়নে তৎপর থাকার বিষয়ে আলোচনা হয়। সেবা সহজীকরণ তথা জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তি ব্যবহারে ভ্রাম্যমান প্রশিক্ষণ, ই-পরামর্শ সেবা বা ই-তথ্যসেবা চালু করা, স্ব স্ব ওয়েবপোর্টালে বিভিন্ন মৎস্যপ্রযুক্তি ও সেবা সংক্রান্ত তথ্য প্রকাশ করা এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে দ্রুত সেবা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | প্রতি ত্রৈমাসিকে নিয়মিত সিটিজেন চার্টার হালনাগাদকরণ, দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য টাঙিয়ে রাখা এবং ওয়েবপোর্টালেও হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। দ্রুত জনগণের হাতের মুঠোয় সেবা পৌছানো তথা সেবা সহজীকরণের লক্ষ্যে যেকোন অর্জনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)। |
| ৩. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করার এবং নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তি প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম ০৪ দিনের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করার এবং নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তি প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম ০৪ দিনের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | তথ্য অধিকার আইন ২০০৯ অনুসরণে অনলাইনে তথ্য প্রদান এবং স্ব স্ব ওয়েবপোর্টালে উপজেলার মৎস্য বিষয়ক বিভিন্ন তথ্য প্রকাশ এবং তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ণ করেছে। এ আইনের ৬ ধারা মোতাবেক, প্রত্যেক কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত, কার্যক্রম কিংবা সম্পাদিত বা প্রস্তাবিত কর্মকান্ডের সকল তথ্য নাগরিকগণের নিকট সহজলভ্য হয়, এভাবে সূচিবদ্ধ করে প্রকাশ ও প্রচারের বাধ্যবাধকতা রয়েছে। তথ্য সরবরাহের এই উদ্যোগকে ফলপ্রসূ করতে "বদলে গেছে দিন, অনলাইনে তথ্য নিন"- বর্তমান সরকারের একটি যুগান্তকারী উদ্যোগ। তৎপ্রক্ষিতে প্রতিটি অফিসের সরকারি ওয়েবপোর্টাল রয়েছে। এমতাবস্থায়, উপজেলা মৎস্য অফিসগুলির ওয়েবপোর্টালে অনলাইনে মৎস্যচাষি, মৎস্যজীবি ও অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য তথ্য প্রাপ্তির সুযোগ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়।<br>তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রতিটি অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নাগরিকগণের আবেদনের ভিত্তিতে যথা সময়ের মধ্যে তথ্য প্রদান করার বিষয়ে আলোচনা হয়। তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে ২০ কার্যদিবস বা অন্য ইউনিট তথ্য প্রদানের সাথে যুক্ত থাকলে ৩০ কার্যদিবসের মধ্যে বা তথ্য প্রদানে অপারগ হলে ১০ কার্যদিবসে যথাযথ নিয়মে জানিয়ে দেওয়ার বাধ্যবাধকতার বিষয়টি আলোচনা করা হয়। তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী নিষ্পত্তিকৃত আবেদনের তথ্য সম্বলিত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে উর্ধ্বতন কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয় | ১. স্ব স্ব ওয়েবপোর্টালে উপজেলার মৎস্য বিষয়ক বিভিন্ন তথ্য প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করা এবং উর্ধ্বতন কার্যালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল |
| ৫ | মাছচাষে বিদ্যুৎ হার কৃষিহারে প্রদান এবং মৎস্যচাষ যন্ত্রপাতি ভর্তুকি মূল্যে সরবরাহ | উপস্থিত মৎস্য খামারী জনাব অধ্যক্ষ আব্দুল আওয়াল ও জনাব গোলাম নবী জানান, মৎস্যচাষের বিদ্যুৎ বিলের ইউনিট প্রতি মূল্য বাণিজ্যিক হারের পরিবর্তে কৃষিখাতের সমমূল্যে প্রদানে সরকারি সিদ্ধান্ত গ্রহণে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনের আহবান জানান। মৎস্য চাষীগণ দেশের মাছের উৎপাদনের ধারাবাহিকতা ধরে রাখতে খামারে এয়ারেটর, অটোফিডার ব্যবহার করার ক্ষেত্রে সরকারের ভর্তুকিমূল্য নির্ধারণের দাবী জানান। অধিক ঘনত্বে মাছ চাষ করতে পারবে। মাছের উৎপাদন বাড়বে। বঙ্গবন্ধুর সপ্ন বাস্তবায়ন হবে। | বিদ্যুৎ বিল বাণিজ্যিকহারে নির্ধারন না করে কৃষিহারে নির্ধারন করা এবং কৃষি উপকরণের ন্যায় মৎস্যচাষের উপকরণ ও যন্ত্রপাতি ভর্তুকিমূল্যে প্রদানে সরকারের সিদ্ধান্ত প্রয়োজন। চাষিদেরকে তাদের দাবি স্থানীয় জনপ্রতিনিধিগণকে বুঝিয়ে বলার ব্যাপারে সিদ্ধান্ত প্রদান করা হয়। তাছাড়া মৎস্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষকে চাষীদের বিষয়টি অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট মৎস্যচাষিগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | ব্যাংক লোন | উপস্থিত মৎস্যচাষি জনাব সাজেদুর রহমান জানান, আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে পরিবেশবান্ধব উপায়ে মাছ চাষ করতে মৎস্য চাষীদের ক্ষুদ্র ঋণের পরিবর্তে সিসি লোন প্রয়োজন। সিসি লোন পেলে মৎস্য চাষীদের বিনিয়োগকৃত অর্থ নিরাপদে উঠে আসার ক্ষেত্রে সহজ হবে এবং লভ্যাংশ হতে তারা স্বাবলম্বী হয়ে ঘুরে দাড়াতে পারবে। | চাষিরা যাতে কৃষি ভার্তুকির ঋণ ও সিসি লোন পায় সেজন্য ব্যাংক কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা, প্রয়োজনে জেলা/উপজেলার কর্মকর্তাগণের সহায়তা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট মৎস্যচাষিগণ /জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |
| ৭ | মাছ বাজারে চাষীর থেকে অতিরিক্ত ওজনে (ঢলন) মাছ ক্রয় | উপস্থিত মৎস্যচাষিগণ জানান, মাছ বাজারে প্রতি আড়তে মন প্রতি বিভিন্ন মাছের উপর প্রায় ৪কেজি বেশি ঢলন দিতে হয়। ঢলনের সাথে সাথে আড়ৎ ফি, শ্রমিক মজুরি এবং পরিবহন খরচ পরিশোধ করতে হয় চাষীদের। অথচ প্রতি মণ মাছের ঢলনের টাকা দিয়েই আড়তের সকল খরচ মিটানো সম্ভব। ঢলনে অহেতুক বেশি মাছ দেয়ার ফলে চাষীদের বড় ধরণের লসের সম্মুখীন হতে হচ্ছে। তাই ঢলনের চলন বন্ধ করা দরকার। | স্থানীয় জনপ্রতিনিধিগণের মাধ্যমে আড়তদার ও চাষীদের মধ্যে আলোচনা ও সমন্বয় করে ন্যায্য ওজনে মাছ ক্রয়-বিক্রয় চালু করা, সব ধরণের ঢলন পরিহার করা এবং প্রয়োজনবোধে উপজেলা প্রশাসনের সহযোগীতায় মোবাইল কোর্ট বাস্তবায়ন করে ঢলনের চলন বন্ধে উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট মৎস্যচাষিগণ/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৮-০৬-২০২৩
ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৭২৫৯০
dfonatore@fisheries.gov.bd


তারিখ: ৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০১.১৯.২৯০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
২। উপপরিচালক, উপপরিচালক (প্রশাসন) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর;
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর;
৪। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, নাটোর;
৫। ষ্টাফ অফিসার (সহকারী পরিচালক) (অতিরিক্ত দায়িত্ব ), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।;
৬। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর;
৭। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর;
৮। মৎস্য সম্প্রসারণ অফিসার (সকল), নাটোর;
৯। সহকারী মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর এবং
১০। জনাব......................................................................................., নাটোর।

১৮-০৬-২০২৩
ড.মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) হাজিরা সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন,২০২৩) সভার

(২) 351546029_1306374753608080_2282866671389018072_n